*Total number of printed pages–7*

**1 (Sem–1) BEN**

**2023**

**BENGALI**

Paper : BEN0100104

*( শিশু ও কিশোর সাহিত্য)*

*Full Marks : 60*

Time : 2½ hours

***The figures in the margin indicate full marks for the questions.***

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের 'আমতলি' অংশে বর্ণিত হৃদয়ের কুলুপ-দেওয়া ঘরের ঘুলঘুলির বাইরে কী গাছ ছিল?

(খ) "আমি গঙ্গাসাগরে ছান কত্তি যেতেছি।"
এখানে কে গঙ্গাসাগরে স্নান করতে যাচ্ছিল?

*Contd.*

(গ) ‘খিচুড়ি’ কবিতায় জিরাফ কার ঢং ধরে উড়তে চেয়েছিল?

(ঘ) ‘গোঁফচুরি’ কবিতায় কার গোঁফ চুরি গিয়েছিল?

(ঙ) ‘পদিপিসির বর্মিবাক্স’ গল্পে পদিপিসি কী গাড়ি চড়ে নিমাই খুড়োর বাড়ি যাত্রা করেছিলেন?

(চ) ‘পদিপিসির বর্মিবাক্স’ গল্পে গল্পকথক ও পাঁচুমামাকে স্টেশন থেকে কে নিতে এসেছিল?

(ছ) ‘ব্যোমযাত্রীর ডায়রি’ কাহিনিতে গল্পকথক প্রোফেসর শঙ্কুর ডায়রিটা কার কাছ থেকে পেয়েছিলেন?

(জ) ‘প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য’ কাহিনিতে প্রোফেসর শঙ্কু প্রকৃতির সব সূক্ষ্মাতিসূক্ষ্ম শব্দ শোনার জন্যে যে যন্ত্র তৈরি করেছিলেন সেটির নাম কী ছিল?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো ঃ
*(যে-কোনো ছয়টি)* ২×৬=১২

(ক) ‘বুড়ো আংলা’ গ্রন্থের ‘চলন বিল’ অংশে হৃদয় কার সঙ্গে কোথায় যাওয়ার জন্যে ঘর থেকে বেরিয়েছিল?

(খ) হৃদয়ের বাবা-মা কোন্ গাঁয়ের প্রজা ছিল? হাটে-মাঠে যাওয়ার সময় তারা হৃদয়কে কোথায় রেখে যেত?

(গ) 'বুড়ো আংলা' গ্রন্থের 'চলন বিল' অংশে হাঁসেরা যাত্রাপথে বাংলাদেশের কোন্ দুটি নদীর মাঝখানের সবকিছু দেখতে দেখতে যাচ্ছিল?

(ঘ) 'সৎপাত্র' কবিতার সৎপাত্র কে? তার গায়ের রঙ কী রকমের ছিল?

(ঙ) 'খুড়োর কল' কবিতায় খুড়ো কার খুড়ো ছিলেন? বছরখানেক বয়সে তিনি কী বলে কেঁদে উঠেছিলেন?

(চ) পদিপিসি নিমাইখুড়োর বাড়ি থেকে বাড়ি ফেরার সময় রাস্তায় কী খেয়েছিলেন? তিনি কটা নাগাদ বাড়ি এসে পৌঁছেছিলেন?

(ছ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে গল্পকথকের সেজো দাদামশাই-এর ছোটকাকার বিয়ে কার সঙ্গে ঠিক হয়েছিল? তখন সেই বিয়ের পাত্রীর বয়স কত ছিল?

(জ) "মনে থাকে যেন তিন ভাগের এক ভাগ আমার! যদি বাক্স পান আমার অদ্ভুত বুদ্ধির সাহায্যেই পাবেন।" 'পদিপিসির বর্মিবাক্স' গ্রন্থ থেকে নেওয়া এই উদ্ধৃতিটির বক্তা কে? কার উদ্দেশ্যে সে উক্তিটি করেছে?

(ঝ) 'ব্যোমযাত্রীর ডায়রি' কাহিনিতে উল্লেখিত প্রোফেসর শঙ্কুর ডায়রির প্রথম চারটি তারিখ লেখো।

(ঞ) 'প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য' কাহিনিতে অবিনাশবাবু আনন্দবাজারকে তাঁর সংগৃহীত গোলকের প্রথম ও দ্বিতীয় গুণ সম্পর্কে কী লিখেছিলেন?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : *(যে-কোনো চারটি)*

৫×৪=২০

(ক) "সেকালে লোক ছেলে-পিলে না হলে বুড়ো হয়ে মরবার সময় যক্ বসাত।"
উদ্ধৃতাংশে যক্ বলতে কী বোঝানো হয়েছে সংক্ষেপে লেখো।

(খ) ‘বুড়ো আংলা’ গ্রন্থের ‘শৃগাল’ অংশে হৃদয় কীভাবে খেঁকশিয়ালের হাত থেকে লুসাই-হাঁসকে বাঁচিয়েছিল সংক্ষেপে তার বর্ণনা দাও।

(গ) ‘সৎ পাত্র’ কবিতায় সৎ পাত্র কোন্ বংশের ছিল? সে ক’বার ম্যাট্রিকে ফেল করেছিল? কবিতায় বর্ণিত সৎ পাত্রের ভাইদের বিবরণ দাও। ১+১+৩=৫

(ঘ) ‘বাবুরাম সাপুড়ে’ কবিতার মূল বক্তব্য সংক্ষেপে লেখো।

(ঙ) ‘পদিপিসির বর্মিবাক্স’ গল্পের খেন্তিপিসি চরিত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) পদিপিসির বর্মিবাক্স হারিয়ে গেলে সেই রাতে পদিপিসির বর্মিবাক্স খোঁজার বিবরণ দাও।

(ছ) ‘ব্যোমযাত্রীর ডায়রি’র কাহিনিতে প্রোফেসর শঙ্কুর ডায়রির প্রথম তারিখে কী লেখা ছিল, নিজের ভাষায় বুঝিয়ে লেখো।

(জ) প্রোফেসর শঙ্কুরা কতজন মঙ্গলগ্রহে পদার্পণ করেছিলেন? প্রোফেসর শঙ্কুর ডায়রি অনুসরণে মঙ্গলগ্রহের যথাযথ বিবরণ দাও। ১+৪=৫

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ ***(যে-কোনো দুইটি)***

১০×২=২০

(ক) 'বুড়ো আংলা' গ্রন্থের 'চকা-নিকোবর' অংশের বিষয়বস্তু সংক্ষেপে লেখো।

(খ) সুকুমার রায়ের 'খিচুড়ি' কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের গল্পকথকের রেলগাড়ি চড়ে মামারবাড়িতে যাওয়ার যাত্রাপথের বিবরণ দাও।

(ঘ) 'প্রোফেসর শঙ্কু ও আশ্চর্য পুতুল' কাহিনিতে অঙ্কিত লিন্ডকুইস্ট চরিত্রের পরিচয় দাও।

(ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের পাঁচুমামার চরিত্র-বৈশিষ্ট্য আলোচনা করো।

PBC/DEC/2023

(Sem-I/FYUGP) AEC-BSB-I

# 2023
# BENGALI
(Ability Enhancement Course)

Paper : BEN-AEC-0100202

*(বাংলা সাহিত্য এবং প্রয়োগমূলক বাংলা ব্যাকরণ)*

Full Marks : 30

Time : 1½ hours

1. অতি সংক্ষিপ্ত উত্তর দাও। 1×5=5

   ক) 'দুই পাখি' কবিতায় পাখি দুটি কে কে?

   খ) 'দত্তা' উপন্যাসের নায়ক কে?

   গ) 'অন্বেষন' শব্দটির সন্ধিবিচ্ছেদ করো।

   ঘ) তদ্ভব শব্দে সর্বদা কোনটি হয়?

   i) ন

   ii) ণ

   iii) ন্ন

   iv) ন্য

   ঙ) 'অনন্ত' শব্দটির যথার্থ বিপরীতার্থক শব্দ নির্বাচন করো ঃ--

   সান্ত, নিরন্তর, সসীম, অন্তিম

2. সংক্ষীপ্ত উত্তর দাও (৫টি) 2×5=10

   ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের অপর দুটি উপন্যাসের নাম লেখ।

   খ) বনমালীর মেয়ের নাম কি? কালীপদ কে?

   গ) 'কেন বাবা তুমি মিথ্যে অপমান হতে গেলে?' -- বক্তা কে? এখানে কার কথা বলা হয়েছে?

   ঘ) রাসবিহারীর পুত্রের নাম কি? দয়াল কে?

   ঙ) 'দুই পাখি' কবিতায় দুই পাখির সুখ কোথায়?

   চ) বাংলা শব্দের সন্ধি কত প্রকার ও কি কি?

   ছ) কারক কাকে বলে? সম্প্রদান কারকের উদাহরণ দাও।

   জ) বিভক্তি কি? বিভক্তি কয় প্রকার?

   ঝ) নীচে দেওয়া গুলির সমোচ্চারিত শব্দ লেখ ঃ--

   উপাদান, উপাধান

ঞ) সমাস কাকে বলে? সমাস কত প্রকার?

3. প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও (৩ টি) 5×3=15

ক) সম্বোধন পদ এবং সম্বন্ধ পদের মধ্যে পার্থক্য গুলো কি কি?

খ) উপপদ তৎপুরুষ কাকে বলে? উদাহরণ দাও। সমস্যমান পদ বলতে কী বোঝ?

গ) সন্ধি বিচ্ছেদ করো (৫ টি)।
নায়ক, মহর্ষি, জনৈক, ভাবুক, তন্বী, রবীন্দ্র, যথেচ্ছা

ঘ) 'ঠাঁই নাই ঠাঁই নাই! ছোট সে তরী
আমারই সোনার ধানে গিয়েছে ভরি'
-- উদ্ধৃতিটি বিশ্লেষণ করো।

ঙ) বনমালী চরিত্রটি বিশ্লেষণ করো।

চ) 'দত্তা' উপন্যাসে বর্ণিত তৎকালীন সমাজ সম্পর্কে আলোচনা করো।

*****

# 2023
# BENGALI
## (Skill Enhancement Course)
## Paper : BEN-SEC-0102103
## (বাংলা ভাষার বিভিন্ন ব্যবহারিক দিক্ ও সম্ভাবনা)

Full Marks: 45 Time: 2 hours

### বিভাগ- 'ক'

ক) অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ-- 1×5=5

1. বাংলা বানানে তৎসম শব্দের ক্ষেত্রে কোন্ কোন্ স্বরবর্ণের ব্যবহার আছে?
2. শুদ্ধরূপ লেখ -- অনুদিত, প্রতিদ্বন্দিতা
3. নিম্নলিখিত রূপগুলোর মধ্যে কোন্‌টি শুদ্ধ

   i) মুর্ছনা ii) মূছনা iii) মুর্চ্ছনা iv) মূচ্ছনা
4. শুদ্ধ উত্তরটি লিখ --

   অর্ধতৎসম শব্দে বর্জনীয় --

   i) ই - কার ii) ঈ - কার iii) উ - কার iv) ঊ - কার
5. পদের শেষে নির্দেশক শব্দে .......... কার হবে।

### বিভাগ- 'খ'

খ) সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও (৫ টি)ঃ-- 2×5=10

1. বাংলা পরিভাষা অনুযায়ী Aesthetics ও Allegory -এর অর্থ কি?
2. Debit ও Credit -এর বাণিজ্যিক পরিভাষা কি?
3. Capitalism ও Communism শব্দ দুইটির রাজনৈতিক পরিভাষা কি?
4. Copuright ও Plagiarism শব্দ দুইটির অর্থ কি?
5. বাংলা বানান কত প্রকার ও কি কি?
6. কতসালে কলকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানবিধি রচনা করেন।

   বানান অর্থ কি?

P.T.O.

7. তদ্ভব বানানে 'য-ফলা, ব-ফলা, ম-ফলা নেই' -- সঠিক না ভুল?
তদ্ভব শব্দে ঃ ও ৎ -এর ব্যবহার আছে কি ?
8. বিদেশী শব্দ 'খৃষ্ট' ও 'বৃটিশ' শব্দ দুটির তৎসমীকরণ কি?
9. বাংলা শব্দভাণ্ডারে অর্ধতৎসম শব্দ থেকে দুটি শব্দের সরলীকরণ কর।
10. Bibliography কথাটির অর্থ কি? নির্ঘন্ট কি?

## বিভাগ- 'গ'

গ) নীচের প্রশ্নেগুলির উত্তর দাও (৪ টি)ঃ-- 4×5=20

1. বাংলা বানান বিধিতে কি এবং কী-এর ব্যবহার কি?
2. পত্রিকা সম্পাদনার ক্ষেত্রে গ্রন্থপঞ্জির ব্যবহারের নিয়ম কি?
3. বাংলা পরিভাষার আবশ্যিকতার কারণগুলি আলোচনা কর।
4. চাকুরিক্ষেত্রে কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার সংযোগ স্থাপন মূলত কী কারণে গুরুত্বপূর্ণ?
5. বাংলা বানানের লিখন পদ্ধতিতে জটিলতাগুলো কি কি?
6. প্রুফ সংশোধনের সমস্যাগুলি কি আলোচনা কর।
7. বাণিজ্যিক পরিভাষার ব্যবহারিক প্রয়োগের উদাহরণ দিয়ে গুরুত্ব আলোচনা কর।
8. গ্রন্থ সম্পাদকের কাজ কি? কি কি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি তার নজর থাকা আবশ্যিক।

## বিভাগ- 'ঘ'

ঘ) নীচের প্রশ্নের উত্তর দাও (১ টি)ঃ-- 1×10=10

1. বাংলা বানান বিধির নিয়ম গুলি আলোচনা কর।
2. প্রুফ সংশোধনের রীতি ও ব্যবহারিক প্রয়োগ উদাহরণ সহযোগে বুঝিয়ে লেখ।
3. বিজ্ঞাপনের নির্মাণ ও ব্লগ নির্মাণের কৌশলের মধ্যে পার্থক্য কি বুঝিয়ে লেখ।
4. পত্রিকা সম্পাদনার ক্ষেত্রে প্রাথমিক ও গৌণ তথ্যের ভূমিকা আলোচনা কর।

*****